

টঙ্গী থেকে মগবাজার সড়ক

কোন রাইট টার্ন থাকবে না

প্রকাশিত : ০৫ :২৬, ২ নভেম্বর ২০১৫

কোন রাইট টার্ন থাকবে না

স্টাফ রিপোর্টার ॥ গাজীপুরের টঙ্গী থেকে রাজধানীর মগবাজার পর্যন্ত সড়কে কোন রাইট টার্ন থাকবে না বলে জানিয়েছেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র মোঃ আনিসুল হক। তিনি বলেছেন, যানজট কমাতে এই সড়কে ৪-৫টি ইউলুপ করা হবে। কোনভাবেই রাইট টার্ন হবে না। রবিবার রাজধানীর মোহাম্মদপুর সূচনা কমিউনিটি সেন্টারে বেসরকারী সংস্থা ব্র্যাকের উদ্যোগে সড়ক নিরাপত্তা নিয়ে বিশেষ ক্যাম্পেইনের উদ্বোধনকালে তিনি এসব কথা বলেন। মেয়র আনিসুল হক বলেন, টঙ্গী গাজীপুর, বনানী, কাকলী, মগবাজার রোডে রাইট টার্ন বন্ধ হলে যানজট অনেক কমে যাবে। রাজধানীর রিক্সা নিয়ন্ত্রণের জন্যেও কাজ চলছে। আগামী দুই বছরের মধ্যে অনেক পরিবর্তন হবে। রাজধানীর সড়ক নিরাপত্তা বিষয়ে বলেন, আগামী জুনের মধ্যে গুলশান, বারিধারা, নিকেতন এলাকার সকল সড়ক সিসি ক্যামেরার আওতায় আসবে। এরপর আগামী দুই বছরের মধ্যে সিটি কর্পোরেশনের সকল সড়কে সিসি ক্যামেরা স্থাপন করা হবে। এজন্য কাজ চলছে। সড়কে আবর্জনা না ফেলার আহ্বান জানিয়ে তিনি বলেন, ডিএনসিসির ৭২টি পয়েন্টে ডাম্পিং স্টেশন হচ্ছে। এরপর আর কোন দোকানদার রাস্তায় ময়লা ফেলতে পারবে না। নির্দেশ না মানলে দরকার হলে দোকান বন্ধ করে দেয়া হবে। অনুষ্ঠানে আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক জাহাঙ্গীর কবির নানক এমপি বলেন, আমি ক্লাস্ত, পরিশ্রান্ত, আমি আর পারছি না। কিভাবে দিনের পর দিন গাড়ি রাস্তায় নামানো হচ্ছে। কে দেখবে এটা, কে বন্ধ করবে এটি। কারা ফুটপাথ দখল করছে? কে এসব দেখবে? শুধু কথা বললেই হবে না, কাজ করতে হবে। ব্র্যাকের পরিচালক আহমেদ নাজমুল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন স্থানীয় সংসদ সদস্য জাহাঙ্গীর কবির নানক, নিরাপদ সড়ক চাই-এর চেয়ারম্যান ইলিয়াস কাঞ্চন, ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ট্রাফিক পশ্চিম বিভাগ) উপ-পুলিশ কমিশনার ইমতিয়াজ আহমেদ পিপিএম প্রমুখ।